হরিণাকুন্ডুতে সাপের কামড়ে কৃষকের মৃ*ত্যু

ঝিনাইদহের হরিণাকুন্ডুতে সাপের কামড়ে এক কৃষকের মৃ*ত্যু হয়েছে।

শুক্রবার উপজেলার হামিরহাটি গ্রামে আক্কাচ উদ্দিন (৪২) নামের ওই কৃষকের মৃ*ত্যু হয়। নিহত আক্কাচ উদ্দিন গ্রামের নুরুল উদ্দিনের ছেলে।

নিহতের ভাতিজা সাদ্দাম হোসেন জানান, তার চাচা সকালে বাড়ির পাশে মাঠে মাটি কাটছিলেন। এ সময় একটি সাপ গর্ত থেকে বের হয়। তখন আক্কাচ উদ্দিন সাপটি ধরে হাঁড়িতে ঢুকাতে গেলে কামড় দেয়। সঙ্গে সঙ্গে মাঠের কৃষকরা তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান।

ঝিনাইদহ সদর হাসপাতালের চিকিৎসক রুবিনা খাতুন বলেন, সকালে ভর্তি করার পর চিকিৎসা চলাকালীন অবস্থায় স্বজনরা তাকে বাড়িতে নিয়ে যান। দুপুরে ফের হাসপাতালে আনার পর তার মৃ*ত্যু হয়।

মেপ্র/ আরপি

ঝিনাইদহে ট্রাক্টরের ধাক্কায় ৩ জন নিহত

ঝিনাইদহের মহেশপুরে ট্র্ক্টারের ধাক্কায় ৩ মোটর সাইকেল আরোহী নিহত হয়েছেন। শুক্রবার মহেশপুর উপজেলার জাগুসা গ্রামের মাঠে এ ঘটনা ঘটে।

নিহতরা হলো-জীবননগর উপজেলার চাকলা গ্রামের রফিক উদ্দিনের ছেলে রাজু হোসেন (২২) ও নেহালপুর গ্রামের নজরুল ইসলাম (৪৮) ও ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার সাব্দালপুর গ্রামের জয়নাল আবেদীনের ছেলে সাব্বির আহম্মেদ (১৬)।

মহেশপুর থানার ওসি মোর্শেদ হোসেন খান জানান, ৩ জন মোটর সাইকেল যোগে কোটচাঁদপুর উপজেলার সাব্দালপুর থেকে মহেশপুরের বাবলা মাথাভাঙ্গা গ্রামের বিয়ের দাওয়াত খেতে যাচ্ছিল। পথে ঘটনাস্থলে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাক্টর তাদের ধাক্কা দেয়।

এতে ওই ৩ জন গুরুতর আহত হয়। সেখান থেকে তাদের উদ্ধার করে মহেশপুর উপজেলা সাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃ*ত ঘোষনা করেন।
নিহতের লাশ ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠানোর প্রস্তুতি চলছে।

মেপ্র/ আরপি

ঝিনাইদহে আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত

“মুজিববর্ষের অঙ্গীকার, পুলিশ হবে জনতার” মাদক, জঙ্গীবাদ, সন্ত্রাস নারী ও শিশু নির্যাতন কে ‘না’ বলুন শ্লোগানে ঝিনাইদহে আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকেলে সদর উপজেলার গান্না ইউনিয়নের চন্ডিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের আয়োজন করে ৬নং গান্না ইউনিয়ন কমিউনিটি পুলিশিং কমিটি।

সভায় গান্না ইউপি চেয়ারম্যান নাসির উদ্দিন মালিথার সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন ঝিনাইদহের পুলিশ সুপার হাসানুজ্জামান (পিপিএম)।

বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, সদর থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন, সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহীদুল ইসলাম হিরণ, পৌর আওয়ামী লীগের সভাপতি বাবু জীবন কুমার বিশ্বাসসহ প্রমুখ।

মতবিনিময় সভায় উপস্থিত সাধারণ জনতার বিভিন্ন অভিযোগের জবাব ও মতামত প্রদান করেন প্রধান অতিথি পুলিশ সুপার হাসানুজ্জামান (পিপিএম)।

মেপ্র/ আরপি

কোটচাঁদপুরে ইট ভাটায় দেড় লক্ষ টাকা জরিমানা আদায়

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার সাফদারপুরে অবৈধভাবে গড়ে উঠা রিপন বিক্সে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র ছাড়া ইট প্রস্তুত এবং ভাটা স্থাপন ও নিয়ন্ত্রণ আইনে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে দেড় লক্ষ টাকা জরিমানা আদায় করা হয়েছে।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১২ টার দিকে উপজেলার সাফদারপুর মকসেদ মোড়ে রিপন বিক্সে উপজেলা প্রশাসনের নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট নাজনীন সুলতানার নেতৃত্বে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এই জরিমানা আদায় করা হয়।

অন্যদিকে পৌর শহরের পুথিঘর লাইব্রেরীতে অবৈধ গাইট নোট বিক্রির অভিযোগে দুই হাজার টাকা জরিমানা আদায় করে ভ্রাম্যমান আদালত। উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট নাজনীন সুলতানা জানান, পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র ছাড়া জ্বালানীর জন্য অবৈধভাবে গাছ কেটে পোড়ানোর দায়ে রিপন ব্রিক্সে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

ভাটার মালিক আজিজুল হককে ইট প্রস্তুত এবং ভাটা স্থাপন ও নিয়ন্ত্রণ আইনে নগদ দেড় লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। প্রশাসনের পক্ষ থেকে এই অভিযান অব্যহত থাকবে বলেও জানান নির্বাহী অফিসার নাজনীন সুলতানা।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা সার্টিফিকেট পেশকার মোহাম্মদ আল-মামুন সহ থানা পুলিশের সদস্যরা।

মেপ্র/ আরপি

ঝিনাইদহে ফ্রি মেডিক্যাল ক্যাম্প অনুষ্ঠিত

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার পিড়াগাতি গ্রামে আফতাব উদ্দীন স্মৃতি ফাউন্ডেশনের উদ্যোগে গতকাল ফ্রি মেডিক্যাল ক্যাম্প অনুষ্ঠিত হয়। শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেকেস্রর ১২জন চিকিৎসক ক্যাম্পে বিভিন্ন ধরনের প্রায় ৫শতাধিক রোগিকে চিকিৎসা সেবা প্রদান করেন।

মেডিক্যাল ক্যাম্পে সভাপতিত্ব করেন আফতাব উদ্দীন স্মৃতি ফাউন্ডেশনের চেয়ারম্যান আসাদুজ্জামান। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শৈলকুপা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা ডাঃ রাশেদ আল মামুন।

এছাড়া বিশেষ অতিথিরা হলেন ঝিনাইদহ সমাজসেবা কার্যালয় উপ-পরিচালক কর্মকতা আব্দুল লতিফ শেখ, শৈলকুপা সমাজসেবা অফিসার মাসুদ আহম্মেদ, ঝিনাইদহ পৌর সমাজসেবা অফিসার মমিনুর রহমান, ঝিনাইদহ সদর হাসপাতালের রেজিষ্টার অফিসার রুমুনু ইয়াসমিন প্রমুখ।

এছাড়া আমন্ত্রিত বিশেষ ব্যক্তি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রিয় নাট্য ব্যক্তিত্ব সিদ্দিকুর রহমান।

শৈলকুপা পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষককে

নিয়মবর্হিভূত ভাবে বরখাস্তের অভিযোগ

ব্যক্তিগত স্বার্থ চরিতার্থের উদ্দেশ্যে সরকারি নিয়ম নীতির তোয়াক্কা না করে ঝিনাইদহের শৈলকুপা পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক দিলারা ইয়াসমিনকে নিয়মবর্হিভূত ভাবে বরখাস্তের অভিযোগ উঠেছে পরিচালনা পর্ষদের বিরুদ্ধে।

বৃহস্পতিবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে তিনি এ অভিযোগ করেন।
তিনি তার বক্তব্যে বলেন, ২০১৭ সালের ৪ জুলাই বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিসেবে যোগদান করেন তিনি। এরপর থেকেই বিদ্যালয়ের শিক্ষার্থীদের উপস্থিতি, শিক্ষাদান, শিক্ষার মান উন্নয়নে কাজ করে যাচ্ছেন তিনি। যোগদানের ১১ মাস পর ওই বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক ফজলুর রহমান প্রধান শিক্ষক পদ না পাওয়ার কারণে কিছু কর্মচারী ও শিক্ষকদের সাথে নিয়ে দিলারা ইয়াসমিনের বিরুদ্ধে ষড়যন্ত্র শুরু করে।

এমনকি টাকা আত্মসাৎ মামলা দায়ের করে। এ বিষয়ে শিক্ষা মন্ত্রনালয়ের একটি অডিট টিম তদন্ত করে তার সত্যতা পায়নি। তারপরও থেমে থাকেনি সহকারী প্রধান শিক্ষক ফজলুর রহমানের ষড়যন্ত্র ও নির্যাতন। এর কয়েকদিন পর অফিস কক্ষে প্রধান শিক্ষককে লাঞ্ছিত করে। এ ঘটনায় দিলারা ইয়াসমিন বাদী হয়ে আদালতে মামলা দায়ের করেন। যে মামলায় ওই বিদ্যালয়ের ৪ জন শিক্ষক ও কর্মচারী জেল হাজতে রয়েছেন।

এরই জের ধরে বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সভাপতি তৈয়বুর রহমান খান গত ২৮ জানুয়ারি রাতের আধাঁরে পাশের একটি বিদ্যালয়ে মিটিং করে প্রধান শিক্ষককে সাময়কি বহিস্কার করার আদেশ দিয়েছেন। এই আদেশ ব্যক্তিগত স্বার্থ চরিতার্থ করার উদ্দেশ্যে করা বলে সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয়। দিলারা ইয়াসমিন এর সঠিক বিচার দাবী করেছেন।

অভিযোগের বিষয়ে কৈফিয়ত তলব, জবাবপত্র গ্রহণ, ব্যক্তিগত শুনানি ও আত্মপক্ষ সমর্থনের নিয়ম থাকলেও এসব নিয়ম উপেক্ষা করে কিভাবে বরখাস্তের সিন্ধান্ত নিয়েছেন এ বিষয়ে তৈয়বুর রহমান খানের সাথে

মোবাইলে যোগাযোগ করা হলে তিনি কোন সদুত্তর দিতে পারেননি।

১৭বছর পর ইউনিয়ন আওয়ামী লীগের সম্মেলন অনুষ্ঠিত

ঝিনাইদহ সদর উপজেলার ৩নং সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সম্মেলন ১৭ বছর পর অনুষ্ঠিত হয়েছে।

গত ১১ তারিখে সাগান্না ইউনিয়নের উত্তর নারায়নপুর ত্রিমহনী বাজারে এই সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে শেখ মোজাম্মেল হোসেন বিনা প্রতিদ্বন্দীতায় সভাপতি নির্বাচিত হলেও সাধারণ সম্পাদক পদে ২জন প্রার্থী হওয়ায় সাময়িক উত্তেজনা ছড়িয়ে পড়লে সম্মেলনের কার্যক্রম স্থগিত ঘোষণা করেন।

পরবর্তিতে গত ২৭ তারিখে উপজেলা আওয়ামী লীগের কার্যালয়ে সাগান্না ইউনিয়নের ওয়ার্ড আওয়ামী লীগের নেতৃবিন্দুর উপস্থিতিতে সাধারণ সম্পাদক প্রার্থী মুন্সী শাহীন রেজা সাঈদ এবং রাজু আহম্মেদের মধ্যে সমঝতার ভিত্তিতে রাজু তার প্রার্থীতা প্রত্যাহার করে নেন এবং মুন্সী শাহীন রেজা সাঈদকে সাধারণ সম্পাদক হিসেবে ঘোষনা করা হয় ।

উপজেলা আওয়ামী লীগের সভাপতি এ্যাডঃ আব্দুর রশিদ এবং সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম হিরন স্বাক্ষরিত ২৮ তারিখের এক পত্রের মাধ্যমে এই কমিটি ঘোষণার সত্যতা জানা যায়।

এ বিষয়ে উপজেলা আওয়ামী লীগের সভাপতি এ্যাডঃ আব্দুর রশিদ জানান সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগে শেখ মোজাম্মেল হোসেন কে সভাপতি এবং মুন্সী শাহীন রেজা সাঈদকে সাধারণ সম্পাদক করে কমিটি ঘোষণা করা হয়েছে। খুব শিগ্রই পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হবে।

ঝিনাইদহে হালকা বৃষ্টি আর শীতে স্থবির জনজীবন

ঝিনাইদহে দফায় দফায় গুড়ি গুড়ি বৃষ্টিতে স্থবির হয়ে পড়েছে জন জীবন। বুধবার সকাল থেকে বৃষ্টির কারণে প্রয়োজন ছাড়া ঘর থেকে কেউ বের হচ্ছেন না।

বৃষ্টির কারণে রাস্তা ঘাটে মানুষের উপস্থিতি কমে গেছে। বৃষ্টির কারণে ভোগান্তীতে পড়েছে অফিস, স্কুলগামীরা। বৃষ্টি উপেক্ষা করে অনেককে ছাতা মাথায় নিয়ে ঘুরতে দেখা গেছে। এছাড়াও ক্রেতা না থাকায় শহরের অনেক দোকান পাট বন্ধ রয়েছে।

এদিকে বৃষ্টির সাথে বেড়েছে শীতের তীব্রতা। সবচেয়ে বেশি বিপাকে পড়েছে খেটে খাওয়া সাধারণ মানুষ। কাজ না পেয়ে অনেককে অলস সময় কাটাতে দেখা গেছে।

শহরের পুরাতন ডিসি কোর্ট এলাকায় চায়ের দোকানে বসে থাকা হাবিবুর রহমান বলেন, গেল রাতেও আবহাওয়া ভালো ছিল। ভোর থেকে আকাশে মেঘলা হতে শুরু করে। এরপর গুড়ি গুড়ি বৃষ্টি হচ্ছে। যে কারণে কাজে বের হওয়া যাচ্ছে না।

রিক্সা চালক সোনা মিয়া বলেন, শীতের কারণে রিক্সা চালানো যাচ্ছে না। তাছাড়াও বৃষ্টির কারণে শহরে লোকজনের উপস্থিতি কমে গেছে। ভাড়াও কম হচ্ছে যে কারণে বসে থাকতে হচ্ছে।

ঘুষ ঠেকাতে সাইনবোর্ডে মোবাইল নম্বর

ঝিনাইদহের কালীগঞ্জে ঘুষ ঠেকাতে সাইনবোর্ডে নিজের মোবাইল নম্বর দিয়েছেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ভুপালী সরকার। তার এমন উদ্যোগ সবার নজর কেড়েছে।

ভুপালী সরকার জমির নামজারিসহ ভূমি অফিসের যেকোনো কাজের জন্য সরকারি ফি ছাড়া কাউকে অতিরিক্ত টাকা না দেয়ার পরামর্শ দিয়েছেন। তার নেয়া এ উদ্যোগ সফলে সহযোগিতা করতে নিজ কার্যালয়সহ সব ইউপির ভূমি অফিসগুলোর সামনে একটি করে সাইনবোর্ড টাঙিয়ে দেয়া হয়েছে। যেখানে কাজের বিবরণসহ সরকারি ফি উল্লেখ করে নিজের মোবাইল নম্বরও দিয়েছেন।

ফয়লা গ্রামের আব্দুস সবুর বলেন, এটি মহৎ উদ্যোগ। মানুষ সাইনবোর্ড দেখে জানতে পারছেন সরকারি ফি কত। ই-সেবা বা জমির নামজারির অন্য বিষয়ে গ্রামের অনেকেই অনভিজ্ঞ। ফলে বাধ্য হয় দালালদের কাছে যেতে হয়।

উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ভুপালী সরকার বলেন, জমির নামজারির ক্ষেত্রে সরকার নির্ধারিত কোর্ট ফি ২০ টাকা, নোটিশ জারি ফি ৫০ টাকা, রেকর্ড সংশোধন ফি এক হাজার টাকা ও মিউটেশন খতিয়ান ফি একশ টাকা সহ ১১৭০ টাকা। এর অতিরিক্ত কোনো টাকা ভূমি অফিসের কেউ নিলে বা হয়রানি করলে সরাসরি আমাকে কল করতে বলা হয়েছে।

তিনি আরো বলেন, ঘুষ দাতা-গ্রহীতা দুইজনই অপরাধী। ফলে কোনো ধরনের অনিয়ম প্রমাণিত হলে উভয়কেই শাস্তির আওতায় আনা হবে।

মেপ্র/ আরপি

ঝিনাইদহ জেলা ফুটবল এসোসিয়েশনের নির্বাচন অনুষ্ঠিত

ব্যাপক উৎসাহ উদ্দিপনার মধ্য দিয়ে ঝিনাইদহে জেলা ফুটবল এসোসিয়েশনের নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। নির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বীতায় আহসানুজ্জামান ঝন্টু সভাপতি নির্বাচিত হয়েছেন।

সোমবার দুপুরে ৪র্থ বার্ষিকী এ নির্বাচনের প্রধান নির্বাচন কমিশনার আমিনুর ইসলাম এ তথ্য জানান।

এছাড়াও কমিটিতে সহ-সভাপতি পদে আশরাফুল আলম, এ্যাড. বিকাশ কুমার ঘোষ, কোষাধ্যক্ষ পদে নাজমুল আলম বাকী, সদস্য পদে হাসানুজ্জামান খোকো, শেখ শফি কুদ্দুস, এ কে এম রেজাউল হাকিম পিকুল, নুরুদ্দিন পিকু, তোহিদুল ইসলাম সংগ্রাম, আনিচুর রহমান, রাশিদুর রহমান রাসেল, মীর সুলতানুজ্জামান লিটন, ওয়াহিদুজ্জামান ইকু নির্বাচিত হয়েছেন।

এর আগে ২০ জানুয়ারি চুড়ান্ত ভোটার তালিকা প্রস্তুত, ২২ জানুয়ারি মনোনয়নপত্র সংগ্রহ, ২৩ জানুয়ারি মনোনয়নপত্র জমা, ২৪ জানুয়ারি মনোনয়ন পত্র প্রত্যাহার, ২৫ জানুয়ারি মনোনয়নপত্র যাচাই বাছায় ও প্রার্থী চুড়ান্ত করা হয়। নব-নির্বাচিত এই ১৩ জন নেতৃবৃন্দ সাধারণ সম্পাদক পদে লোক নিয়োগ দিবেন।

নব-নির্বাচিত এই কমিটি জেলার ফুটবল অঙ্গনকে সারাদেশে পরিচিত করে তোলাসহ সার্বিক উন্নয়ন করবে এমনটি আশা করছেন জেলার ক্রীড়াবিদরা। নব-গঠিত এই কমিটিকে স্বাগত জানিয়েছেন নানা শ্রেণী পেশার মানুষ। নির্বাচনে সহকারী নির্বাচন কমিশনারের দ্বায়িত্ব পালন করেন এম মোস্তাফিজুর রহমান বরসাত ও বাচ্চু মিয়া।

মেপ্র/ইএম